গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৪.১৬.২৯৭ তারিখঃ ০৮/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের ৪র্থ কোয়াটারের ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদনের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:-	মো: কায়কোবাদ হোসেন সচিব, খাদ্য মন্ত্রণালয়।
সভার স্থান	:-	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময়	:-	১২ ই সেপ্টেম্বর ২০১৭, সকাল ১১.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা	:-	'পরিশিষ্ট-ক'
আলোচ্য বিষয়	:-	১) খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন; এবং ২) ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন।

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, ২০১৬-১৭ অর্থবছরের ৪র্থ কোয়ার্টার পর্যন্ত আয় ও ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা বাস্তবায়নপূর্বক অনুমোদনের উদ্দেশ্যে আজকের BMC সভা আহবান করা হয়েছে। অত:পর তিনি উপ-সচিব (বাজেট ও হিসাব) কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলেন।

০২। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা, শাখা, পরিকল্পনা কোষ, খাদ্য অধিদফতর ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের সর্বশেষ অর্থাৎ ৪র্থ কোয়ার্টার এর এবং ৪র্থ কোয়ার্টার পর্যন্ত সম্পূর্ণ অর্থ বছরের কর ব্যতীত প্রাপ্তি ও ব্যয়ের (অনুন্নয়ন ও উন্নয়ন) অগ্রগতি প্রতিবেদন এবং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অত:পর তিনি খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার অগ্রগতি এবং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচী: (১)

০৩। **কর ব্যতীত প্রাপ্তি:-**

উপসচিব (বাজেট ও হিসাব) জানান যে, ২০১৬-১৭ অর্থবছরের খাদ্য মন্ত্রণালয়ের কর ব্যতীত প্রাপ্তির লক্ষ্যমাত্রা মূল বাজেটে ১৯ কোটি ০৩ লক্ষ ০৫ হাজার টাকা এবং সংশোধিত বাজেট ৩৬,২৭,৪৩ হাজার টাকা ধরা হয়েছে। এর মধ্যে ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ৬ কোটি ৬৯ লক্ষ ৭৫ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। যার মধ্যে সচিবালয়ের লক্ষ্যমাত্রা ২ কোটি টাকা এবং অধিদপ্তরের ৪ কোটি ৬৯ লক্ষ ৭৫ হাজার টাকা। প্রাপ্তির ত্রৈমাসিক এবং সমগ্র অর্থ বছরের অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-১

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত প্রাপ্তি (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট প্রাপ্তি (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
সচিবালয়	৪,২৪,৩৫	৩,০৪,৪৮	২,০০,০০	৭৭,৯২	৪,২৪,৩৫	২,৪২,৫৭
খাদ্য অধিদপ্তর	১৪,৭৮,৭০	৩৩,২২,৯৫	৪,৬৯,৭৫	৯,১৭,৩০	১৪,৭৮,৭০	৩৬,২৮,০৯
সর্বমোট	**১৯,০৩,০৫**	৩৬,২৭,৪৩	৬,৬৯,৭৫	৯,৯৫,২২	১৯,০৩,০৫	৩৮,৭০,৬৬

সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে সভায় জানানো হয় যে, সচিবালয়ের কর ব্যতীত প্রাপ্তির উৎস ঋণ ও অগ্রিম বাবদ প্রদত্ত অর্থের সুদসহ টেন্ডার/কোটেশন, অব্যবহৃত দ্রব্যাদি ও স্ক্র্যাপ বিক্রয় মূল্য এবং সরকারি গাড়ি ব্যবহারকারী কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত অর্থ সচিবালয়ের কোডে জমা হয়। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) উল্লেখ করেন যে, সচিবালয়ের প্রাপ্তির খাত বেশী না থাকার কারনে লক্ষ্যমাত্রা কম ধরার জন্য বিভিন্নবার BMC সভায় আলোচনা হয়েছে। বাস্তবতার নিরিখে প্রাপ্তির লক্ষ্যমাত্রা কম ধরা যুক্তিসঙ্গত মর্মে তিনি মতামত দেন। প্রকৃত আয়ের ভিত্তিতে সংশোধিত বাজেটে প্রাপ্তির লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়েছে বলে সভায় জানানো হয়। বিগত ২০১৬-১৭ অর্থ বছরের সর্বমোট প্রকৃত আয় লক্ষ্যমাত্রার চাইতে বেশী হওয়াতে সভাপতি সন্তোষ প্রকাশ করেন এবং বিষয়টি ইতিবাচক মর্মে মন্তব্য করেন।

(চলমান পাতা-২)

০৪। **সচিবালয়:-**

এরপর সচিবালয়ের অনুন্নয়ন ব্যয় বরাদ্দের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, আলোচ্য অর্থ বছরের সংশোধিত বাজেটে মন্ত্রণালয়ের অনুন্নয়ন খাতে সর্বমোট বরাদ্দ ১১৭৪০ কোটি ৪৫ লক্ষ ৪৬ হাজার টাকা এর মধ্যে সচিবালয় খাতে অনুন্নয়ন ব্যয় বরাদ্দ সর্বমোট ২৬৯২ কোটি ৯০ লক্ষ ২৭ হাজার টাকা। সচিবালয়ের ৪র্থ কোয়ার্টারের ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৮৪১ কোটি ২৩ লক্ষ ৫১ হাজার টাকা। আলোচ্য অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-২

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত ব্যয় (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট ব্যয় (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
অফিসারদের বেতন	৩,৭৪,৪২	৩,৬২,০০	৯৩,১৪	৯৭,১৬	৩,৭৪,৪২	৩,৬৬,৭৫
প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	৮৭,৮৪	৭২,০০	২২,২৮	২৪,৮২	৮৭,৮৪	৮১,৮৪
ভাতাদি	২,০০,০০	২,৪৫,৩১	৫৮,৮৫	৮৪,২৭	২,০০,০০	২,৪৩,৮৭
সরবরাহ ও সেবা	২,৩১,৭০	২,৭৪,০৫	৪৩,০৫	১,১৩,০৯	২,৩১,৭০	২,২৮,০৭
মেরামত ও সংরক্ষণ	১৬,০৫	১২,৫০	২,৩০	৯,৮৯	১৬,০৫	১১,৭৫
পেনশন ও আনুতোষিক	১৯১,৮৮,০০	০	৪৭,৯৭,০০	২৫,০৮,৩১	১৯১,৮৮,০০	০
সম্পদ সংগ্রহ ও ক্রয়	৮৭,০০	৯৫,০০	৩,০০	৮৪,৬৬	৮৭,০০	৯৪,০৯
ঋণ ও অগ্রিম	৯০,৪০	৫০,৩০	৯০,৪০	১৫,৩২	৯০,৪০	১৫,৩২
ভর্তুকী	১৭৯০,১৩,৪৯	২৬৮১,৭৬,৫২	১৭৯০,১৩,৪৯	২৬৪৩,৪৬,৯০	১৭৯০,১৩,৪৯	২৬৪৩,৪৬,৯০
আন্তর্জাতিক সংস্থার চাঁদা	৩,০০	২,৫৯	০	০	৩,০০	২,৫৯
সর্বমোট	১৯৯২,৯১,৯০	২৬৯২,৯০,২৭	১৮৪১,২৩,৫১	২৬৭২,৮৪,৪২	১৯৯২,৯১,৯০	২৬৫৩,৯১,১৮

ভর্তুকী খাত সম্পর্কে সভাপতি মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর উল্লেখ করেন যে, ওএমএস সহ হতদরিদ্রদের জন্য এর বিতরণকৃত খাদ্যশস্য এর মূল্য এ খাত হতে সমন্বয় করা হয়। সচিবালয়ের উল্লিখিত অর্থ বছরের সর্বমোট অনুন্নয়ন ব্যয় সংশোধিত বাজেট অনুযায়ী যুক্তিসঙ্গত বলে সকলে একমত হন।

০৫। **নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ:-**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ৯ কোটি ৬৮ লক্ষ ৮৭ হাজার ৬২০ টাকা উত্তোলন করা হয়। এপ্রিল- জুন/২০১৬ মাসের ব্যয়ের বিবরণী নিম্নরুপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-৩

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত ব্যয় (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট ব্যয় (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
অফিসারদের বেতন	১০,৫০,০০	১০,৫০,০০	২,৬২,৫০	১৪,৩৯	১০,৫০,০০	৭৭,০১
ভাতাদি				২৫,১৭		৬৯,৫৬
সরবরাহ ও সেবা				১,৩৬,১৫		৪,০২,৯৭
ক্রয় খাত				২৯		৩,০৯
মোট	১০,৫০,০০	১০,৫০,০০	২,৬২,৫০	১,৭৬,০০	১০,৫০,০০	৫,৫২,৬৩

সংশোধিত বাজেটে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অনুকূলে ১০,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ হলেও ব্যয় হয় ৫,৫২,৬৩,০০০/- টাকা। অবশিষ্ট অর্থ ব্যয় না হওয়ার কারন হিসেবে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রতিনিধি জানান যে, সময় মত নিয়োগসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন না হওয়ায় ব্যয় কম হয়েছে। তাছাড়া অব্যয়িত অর্থ পরবর্তী বছরের ব্যয়ের সহিত সমন্বয় করে ব্যয় হচ্ছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বলেন যে, এ বিষয়ে কর্তৃপক্ষের নিজস্ব আর্থিক বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত প্রচলিত বিধি অনুযায়ী অব্যয়িত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয়ের কোন সুযোগ নেই। অব্যয়িত অর্থ সংস্থার তহবিলে জমা না রেখে সমর্পন করা উচিত মর্মে তিনি মন্তব্য করেন। সভাপতি বিধি প্রণয়নের কাজ তরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬। **প্রাতিষ্ঠানিক ব্যয়:-**

এরপর উপ-সচিব (বাজেট ও হিসাব) নিম্নোক্তভাবে খাদ্য অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক খাতে ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেনঃ-

সারণী-৪

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত ব্যয় (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট ব্যয় (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
খাদ্য অধিদপ্তর	৭৮,৭৮,৩৩	৮৩৪২,৬৬	৩০,৭১,৩৪	২৮,৯৮,০৭	৭৮,৭৮,৩৩	৬৮,০৫,৮৪
প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং	৪,৭৮,৪২	৩,৯০,২২	১,৪৬,৩৪	১,১৭,০৭	৪,৭৮,৪২	৩,৭৬,৪৯
সাইলোসমূহ	৩৪,৪৪,৭১	৩০,৮৬,১৪	১০,৩০,৫৯	৯৬৩,৪৯	৩৪,৪৪,৭১	২৮,০৩,২১
আঞ্চলিক কার্যালয়	৬,৭১,১৫	৫,৩৪,৪৬	২,০৫,১৪	১,৪৭,৩১	৬,৭১,১৫	৪,৯১,৯৩
জেলা কার্যালয়	৮১,৭১,৯৪	৭৫,৫৭,১৬	২৫,১৬,২৩	২২,৫৭,৯৭	৮১,৭১,৯৪	৬৮,৯৬,৫১
উপজেলা কার্যালয়	২১৪,৪৮,৩২	২০০,০৬,২০	৬৬,৭৭,২০	৬০,৪০,৯৬	২১৪,৪৮,৩২	১৮৭,৫৮,০৬
সরকারি আটাকল	৪,৯৮,৪০	৩,০০,৩৪	১,৫৮,৮৯	৯৯,৬৫	৪,৯৮,৪০	২,৭২,২৮
নিয়ন্ত্রণ, পরিবহন ও সংরক্ষণ	২৩,০৬,৭০	২০,৯৫,৬৭	৭,৩৮,৭৫	৬,৭৮,৬৯	২৩,০৬,৭০	২০,০১,০১
সর্বমোট	৪৪৮,৯৭,৯৭	৪২৩,১২,৮৫	১৪৫,৪৪,৪৮	১৩২,০৩,২১	৪৪৮,৯৭,৯৭	৩৮৪,০৫,৩৩

(চলমান পাতা-৩)

০৭। **খাদ্য সংগ্রহ ও বিতরণ:-**

উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি অর্থ বছরে খাদ্য সংশোধিত ব্যয় বাজেট বরাদ্দ সর্বমোট ৮৬১৩ কোটি ৯২ লক্ষ ৩৪ হাজার টাকার মধ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনায় ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৩৪৩৯ কোটি ১৭ লক্ষ ০৫ হাজার টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১২৬১ কোটি ০১ লক্ষ ২০ হাজার টাকা। খাদ্য বাজেটের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ভাবে সভায় উপস্থাপিত হয়:

সারণী-৫

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট বরাদ্দ (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত ব্যয় (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট ব্যয় (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
বৈদেশিক অনুদানে আমদানী	৩১৫,৫২,৬০	২৯৪,৪০,০০	৩১৫,৫২,৬০	২৩৬,৬০,১৫	৩১৫,৫২,৬০	২৩৬,৬০,১৫
নিজস্ব সম্পদ দ্বারা আমদানী	১১০৬,০০,০০	৮০০,০০,০০	১০৬,০০,০০	৪০৬,৯২,৯২	১১০৬,০০,০০	৫৯১,২৬,৬০
অভ্যন্তরীন সংগ্রহ	৬৮৯০,৫২,৫০	৬৬০৯,২৭,০০	২৭৭০,৫২,৫০	৬২৬,৬২,০৭	৬৮৯০,৫২,৫০	৪৮৩৭,৩৬,৪৬
পরিচালন ব্যয়	৮৯৩,১১,৯৫	৯১০,২৫,৩৪	২৪৭,১১,৯৫	২০৯,৩১,৯০	৮৯৩,১১,৯৫	৬৭১,৫০,৫৬
সর্বমোট সংগ্রহ ও বিতরণ	৯২০৫,১৭,০৫	৮৬১৩,৯২,৩৪	৩৪৩৯,১৭,০৫	১২৬১,০১,২০	৯২০৫,১৭,০৫	৬৩৩৬,৭৩,৭৭

লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্যশস্য সংগ্রহ না হওযায় খাদ্য বাজেটের ব্যয় কম হয়েছে বলে সভায় জানানো হয়।

০৮। **উন্নয়ন ব্যয়:-**

উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, চলতি অর্থ বছরে উন্নয়ন খাতে মোট সংশোধিত বাজেট বরাদ্দ ২৩৮ কোটি ৭০ লক্ষ টাকা। ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ১২৩ কোটি ৫৪ লক্ষ ৯১ হাজার টাকা হতে প্রকৃত ব্যয় হয়েছে ১০২ কোটি ৪৪ লক্ষ ৪৩ হাজার টাকা। উন্নয়ন ব্যয়ে প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-৬

(হাজার টাকায়)

ক্রমিক নং	বিবরণ	বাজেট বরাদ্দ (২০১৬-১৭)	সংশোধিত বাজেট	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার)	প্রকৃত ব্যয় (৪র্থ কোয়ার্টার)	লক্ষ্যমাত্রা (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)	মোট ব্যয় (৪র্থ কোয়ার্টার পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	সারাদেশে ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ	১৭৮,৪২,০০	৮৫,৩৫,০০	৬৪,২৭,৪৫	৪৩,৮৮,২৩	১৭৮,৪২,০০	৫২,৬৪,১৫
২	আধুনিক খাদ্য সংরক্ষনাগার প্রকল্প	২২০,০০,০০	১২০,০০,০০	৫৩,১০,০০	৪৭,৪৬,৭৬	২২০,০০,০০	১০৬,১৮,০৫
৩	ইন্সটিটিউশনালাইজেশন অব ফুড সেফটি ইন বাংলাদেশ সেফার ফুড	১১,৫০,০০	১০,৪৫,০০	২,৮২,৫০	২,৩৮,৫২	১১,৫০,০০	৮,১২,৫১
৪	কনস্ট্রাকশন অব মাল্টিস্টোরড ওয়ার হাউজ সান্তাহার গ্রেইন সাইলো প্রিমিসেস, বগুড়া	২৫,০০,০০	২২,৯০,০০	৩,৩৪,৯৬	৮,৭০,৯২	২৫,০০,০০	২০,১২,৩১
৫	অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ	৫,০০,০০	০	০	০	৫,০০,০০	০
	সর্বমোট	৪৩৯,৯২,০০	২৩৮,৭০,০০	১২৩,৫৪,৯১	১০২,৪৪,৪৩	৪৩৯,৯২,০০	১৮৭,০৭,০২

২০১৬-১৭ অর্থ বছরে আর এডিপি বরাদ্দ অনুযায়ী ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট বরাদ্দের ৭৮.৩৭% ব্যয় হয়েছে। খাদ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ১.০৫ লক্ষ মে:টন নতুন খাদ্য গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্পের অগ্রগতি কম (৬১.৬৭%) হওয়ায় সঠিকভাবে মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের অগ্রগতি কম হয়েছে বলে সিনিয়র সহকারী প্রধান উল্লেখ করেন। চলতি ২০১৭-১৮ অর্থ বছরে যাতে মন্ত্রণালয়ের অগ্রগতি কাংক্ষিত হারে অর্জন করা যায় এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

(চলমান পাতা-৪)

আলোচ্যসূচী (০২):

০৯। **কর ব্যতীত প্রাপ্তির বাজেট বাস্তবায়ন পরিকল্পনা:**

উপ-সচিব (বাজেট ও হিসাব) মন্ত্রণালয়ের চলতি অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ব্যয়ের সাথে সংশ্লিষ্টদের প্রস্তাব অনুযায়ী চলতি অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ প্রসঙ্গে তিনি প্রাপ্তি বাজেটের বাস্তবায়ন পরিকল্পনা উপস্থাপন করেন। তিনি জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের মোট কর ব্যতীত প্রাপ্তি ২৩,০৯,৭০ হাজার টাকা লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এর মধ্যে সচিবালয়ের লক্ষ্যমাত্রা ৩,০৯,৬৫ হাজার টাকা এবং অধিদপ্তরের লক্ষ্যমাত্রা ২০,০০,৭০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর সচিবালয় ও খাদ্য অধিদপ্তরের চলতি অর্থবছরের কর ব্যতীত প্রাপ্তির কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা নিম্নরূপভাবে চূড়ান্ত করা হয়ঃ

সারণী-৭

(হাজার টাকায়)

বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
সচিবালয়	৪৬,৩৫	৭৭,১৪	৭৬,৮৪	১০৯,৩২	৩,০৯,৬৫
খাদ্য অধিদপ্তর	৪,৬৭,২১	৪,৯২,২২	৫,০২,২১	৫,৩৮,৪১	২০,০০,০৫
সর্বমোট	৫১৩,৫৬	৫৬৯,৩৬	৫৭৯,০৫	৬৪৭,৭৩	২৩,০৯,৭০

১০। **অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন পরিকল্পনা:-**

উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে মোট ব্যয় বরাদ্দ ১৪৪০২,০৯,৮১ হাজার টাকা। এর মধ্যে অনুন্নয়ন ব্যয় বরাদ্দ ১৩৯৭৮,৮৫,৮১ হাজার টাকা এবং উন্নয়ন ব্যয় ৪২৩,২৪,০০ হাজার টাকা। অনুন্নয়ন ব্যয়ের মধ্যে সচিবালয়ের ব্যয় বরাদ্দ ৩৪৪০,৮১,৬৯ হাজার টাকা যার কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়:

সারণী-৮

(হাজার টাকায়)

ক্রমিক নং	বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
১	অফিসারদের বেতন	১,২০,০০	১,৫০,০০	১,১৫,০০	১,১৩,০০	৪,৯৮,০০
২	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	১৭,০০	২২,০০	২৩,০০	২২,১২	৮৪,১২
৩	ভাতাদি	৯৫,৩৬	৪৭,৮৯	৪১,১২	১০৪,২৯	২,৮৮,৬৬
৪	সরবরাহ ও সেবা	১,০২,৯৫	১,১৭,২০	৯৮,৩২	৫৬,৩৮	৩,৭৪,৮৫
৫	মেরামত ও সংরক্ষণ	৩,৫০	৩,০০	৪,০০	৮,৫০	১৯,০০
৬	পেনশন ও আনুতোষিক					০
৭	সম্পদ সংগ্রহ ও ক্রয়	৬,০০	১৭,০০	৬,০০	৬,০০	৩৫,০০
৮	ঋণ ও অগ্রিম	০	০	০	৭৫,০০	৭৫,০০
৯	ভর্তুকি	০	০	০	৩৪২৭,০৪,০৬	৩৪২৭,০৪,০৬
১০	আন্তর্জাতিক সংস্থার চাঁদা	৩,০০	০	০	০	৩,০০
	সর্বমোট	৩,৪৭,৮১	৩৫৭০৯	২৮৭৪৪	৩৪৩০৮৯৩৫	৩৪৪০,৮১,৬৯

উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, পেনশন ও আনুতোষিক খাতের ব্যয় অর্থ বিভাগের বরাদ্দ হতে নির্বাহ হবে বিধায় মন্ত্রণালয়ের কোডে এ খাতে বরাদ্দ শূন্য দেখানো হয়েছে।

১১। **নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ:-**

সভায় উপস্থাপিত ২০১৭-১৮ অর্থ বছরের জন্য নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাজেট বরাদ্দ ১৬,৫৫,০০ হাজার টাকার যার বিভাজন প্রস্তাব সভায় নিম্নোক্তভাবে উপস্থাপিত ও অনুমোদিত হয়:

সারণী-৯

(হাজার টাকায়)

বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	৩,০৫,০০	৪,৫০,০০	৪,৫০,০০	৪,৫০,০০	১৬,৫৫,০০

(চলমান পাতা-৫)

১২। **প্রাতিষ্ঠানিক ব্যয়:-**

এরপর খাদ্য অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের প্রাতিষ্ঠানিক ব্যয় বরাদ্দের বাস্তবায়ন পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক ব্যয়ের বাজেট ৪৫৮,৯৯,৪০ হাজার টাকা যা ৪টি কোয়ার্টারে ভাগ করে নিম্নরূপভাবে বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছেঃ

সারণী-১০

(হাজার টাকায়)

বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
খাদ্য অধিদপ্তর	৯,৪৫,০৬	২৩,১১,৬০	২৯,৩৯,৮৯	৩০,৯৭,৮৩	৯২,৯৪,৩৮
প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং	৯৪,৪৪	৯৫,৭৭	৯২,১২	১,২৫,২২	৪,০৭,৫৫
সাইলোসমূহ	৮,৯৬,৮৭	৭,৯৭,৮৮	৬,৯০,৪৪	৯,৫৯,৮৫	৩৩,৪৫,০৪
আঞ্চলিক কার্যালয়	১,৬০,৭০	১,৮৩,৮৪	১,৯৩,০৪	২,৩৪,৮৮	৭,৭২,৪৬
জেলা কার্যালয়	১৮,৩৯,২৬	১৮,৯০,৩৮	১৮,১৯,০৬	২৫,৩৮,২৭	৮০,৮৬,৯৭
উপজেলা কার্যালয়	৪৮,৯১,৭৭	৫০,০৭,৪২	৪৭,৯০,৫১	৬৭,২৩,৩০	২১৪,১৩,০০
সরকারি আটাকাল	৮২,৪৬	৮৯,১৩	৮৫,৭৫	১,১২,৬৬	৩,৭০,০০
নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ	৪,৯৭,৭৮	৫,১৬,৭৭	৪,৮৬,৯৯	৭,০৮,৪৬	২২,১০,০০
মোট খাদ্য অধিদপ্তর	৯৪,০৮,৩৪	১০৮,৯২,৭৯	১১০,৯৭,৮০	১৪৫,০০,৪৭	৪৫৮,৯৯,৪০

খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রাতিষ্ঠানিক খাতের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সভায় সর্বসম্মতিক্রমে অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। **খাদ্য সংগ্রহ ও বিতরণ:-**

অত:পর পরিচালন ব্যয়সহ খাদ্য সংগ্রহ কার্যক্রমের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। উপ সচিব (বাজেট ও হিসাব) জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের জন্য মোট খাদ্য বাজেট বরাদ্দ ১০০৬২,৪৯,৭২ হাজার টাকা। সভায় খাদ্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা বিস্তারিত আলোচনার পর নিম্নোক্তভাবে চূড়ান্ত করা হয়:

সারণী-১১

(হাজার টাকায়)

বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
বৈদেশিক অনুদানে আমদানি	০	০	০	৩০৩,৭৫,০০	৩০৩,৭৫,০০
নিজস্ব সম্পদ দ্বারা আমদানি	১৫৯৫,২৫,০০	১১০৪,২৫,০০	৯৫,০০,০০	০	২৭৯৪,৫০,০০
অভ্যন্তরীণ সংগ্রহ	৩৩২২,৮০,০০	০	১৩৩২,০০,০০	১৪৬৫,৮০,০০	৬১২০,৬০,০০
পরিচালন ব্যয়	৩১৯,৩১,৮৮	১০০,০০,৪৮	২১৫,০০,০০	২০৯,৩২,৭২	৮৪৩,৬৪,৭২
মোট সংগ্রহ ও বিতরণ	৫২৩৭,৩৬,৮৮	১২০৪,২৫,৪৮	১৬৪২,০০,০০	১৯৭৮,৮৭,৩৬	১০০৬২,৪৯,৭২

খাদ্য বাজেট আলোচনাকালে 'বৈদেশিক অনুদানে আমদানি' শব্দগুলোর পরিবর্তে 'বৈদেশিক সাহায্যে প্রাপ্ত খাদ্য শস্য' শব্দগুলো প্রতিস্থাপন করার জন্য সভায় সুপারিশ করা হয়।

১৪। **উন্নয়ন পরিকল্পনা:-**

উপ সচিব (বাজেট ও হিসাব) জানান যে, উন্নয়ন খাতে মোট বাজেট বরাদ্দ ৪২৩,২৪,০০ হাজার টাকা। তন্মধ্যে সচিবালয়ের প্রকল্পের জন্য ১৬,২৯,০০ হাজার টাকা ও খাদ্য অধিদপ্তরের ২ টি প্রকল্পের জন্য ৪০৬,৯৫,০০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়েছে। মোট ৩ টি প্রকল্পের বিপরীতে উক্ত ব্যয় বরাদ্দের কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা নিম্নরূপঃ

সারণী-১২

(হাজার টাকায়)

ক্রমিক নং	প্রকল্পের বিবরণ	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট
১	আধুনিক খাদ্য সংরক্ষনাগার প্রকল্প	৩১,৫৪,২০	৪০,৬৬,১০	৫৯,৩৩,৯০	৬৮,৪৫,৮০	২০০,০০,০০
২	সারাদেশে ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ	৩১,০৪,২৫	৪০,১৬,৯৩	৪৯,৬৯,৭৫	৮৬,০৪,০৭	২০৬,৯৫,০০
৩	ইন্সটিটিউশনালাইজেশন অব ফুড সেফটি ইন বাংলাদেশ সেফার ফুড	১৪,৯৪,০০	৯০,০০	৪৫,০০	০	১৬,২৯,০০
	সর্বমোট	৭৭,৫২,৪৫	৮১,৭৩,০৩	১০৯,৪৮,৬৫	১৫৪,৪৯,৮৭	৪২৩,২৪,০০

সভায় সর্বসম্মতিক্রমে উন্নয়ন প্রস্তাব গৃহীত হয়।

(চলমান পাতা-৬)

১৬। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১৬.১। সভায় উপস্থাপিত সারণী ১-৬ পর্যন্ত খাদ্য মন্ত্রণালয়ের বিগত ২০১৬-১৭ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনুমোদন করা হলো;

১৬.২। সারণী-৭-১২ এ উপস্থাপিত খাদ্য মন্ত্রণালয়ের চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রাপ্তি, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় বাজেটের কোয়ার্টার ভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন করা হলো;

১৭। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
২৮/০৯/২০১৭
(মো: কায়কোবাদ হোসেন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি,
খাদ্য মন্ত্রনালয়।

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৪.১৬.২৯৭ (১৮)

তারিখঃ ০৮/১০/২০১৭ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৫। চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা) ঢাকা।
৬। মহাপরিচালক, এফপিএমইউ, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৭। যুগ্ম সচিব (বাজেট ও অডিট), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব (বাজেট ও হিসাব), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিচালক (হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৩। পরিচালক (চসসা), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৪। উপ প্রধান, পরিকল্পনা কমিশন, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। পরিচালক, বাস্তবায়ন, পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬। উপ প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৮। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮/১০/১৭

(মো: ইউনুছ পাটওয়ারী)
বাজেট অফিসার